আজকের কাগজ

তারিখ 3 1 OCT 1992
পৃষ্ঠা ৬ কলাম ২

146

# বিভিন্ন সমস্যায় বরিশালে প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে

বরিশাল জেলার ১০টি থানায় প্রাথমিক বিদ্যালয়ের করুণ চিত্র ফুটে উঠেছে। স্কুলে চেয়ার-টেবিল-বেড়া নেই বললেই চলে। শিক্ষা উপকরণের অভাবে প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে। জেলার দশটি থানার মধ্যে স্কুল রয়েছে আগৈলঝড়ায় ৬৫টি, উজিরপুরে ১শ' ৪টি, গৌরনদীতে ৮৭টি, বরিশাল সদরে ১শ' ৩৩টি, বাবুগঞ্জে ৬৯টি, বাকেরগঞ্জে ১শ' ৫৮টি, বানরীপাড়ায় ৭৭টি, মুলাদিতে ৭৫টি, মেহেন্দীগঞ্জে ১শ' ২৬টি, হিজলায় ৫৯টি।

জেলায় শিক্ষক-শিক্ষিকার সংখ্যা ৪ হাজার ২শ' ৫৩ জন। বর্তমানে শূন্য রয়ে ১শ' ৫৬টি। জেলায় ২শ' ৩২টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। জেলায় প্রাথমিক শিক্ষা গ্রহণ ও স্কুলে গমন উপযোগী ছাত্র-ছাত্রীর সংখ্যা হচ্ছে ৩ কোটি ৬৩ লাখ ৯শ' ২৯ জন। এর মধ্যে সরকারি স্কুলে অধ্যয়নরত রয়েছে ২ কোটি ৪৯ লাখ ৯শ' ৭১ জন। বেসরকারি স্কুলে পড়াশুনা করছে ৪৮ হাজার ৬শ' ছাত্র-ছাত্রী। সর্বমোট স্কুলে পড়াশুনা করছে ২ কোটি ৯৮ লাখ ৫শ' ৭১ জন। শতকরা হিসেবে স্কুলে পড়াশুনা করছে ৮২ ভাগ ছাত্র-ছাত্রী।

সরকারি গড় হিসেবে ৮২ ভাগ ছাত্র-ছাত্রী স্কুলে পড়াশুনা করলেও কোনো কোনো থানায় স্কুলে পড়াশুনা করছে ৩০/৪০ ভাগ ছাত্র-ছাত্রী। কোনো স্কুলে তারও কম ছাত্র-ছাত্রী স্কুলে যাচ্ছে।

গ্রামের ছাত্র-ছাত্রীদের যে সময় স্কুলে যাওয়ার কথা সে সময় তারা তার বাবা-মার সঙ্গে মাঠে কাজ করে। পিতার সহযোগী হিসেবে তার শ্রমের ভাগিদার হয়। ফলে সময়মতো স্কুলে যাওয়া হয় না। বরিশাল থেকে মীর মনিরুজ্জামান।